

AME(ILT DT(A)
25/09/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৪৭.১৬-৪৮৭

তারিখঃ ২৪.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরে ঢাকা সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকা অনুমোদন সংক্রান্ত।


সূত্রঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা সড়ক জোন, ঢাকা এর পত্র নং-৪৬৬৮-ডিজিড তারিখ ১৩.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ঢাকা সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

ক্রম	সড়ক বিভাগের নাম	মহাসড়কের নাম	মহাসড়কের চেইনেজ	প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কিলোমিটার)	কাজের ধরণ	কাজের সম্ভাব্য ব্যয় (লক্ষ টাকায়)
১	নরসিংদী	একদরিয়া (সিএন্ডবি বাজার) পোড়াদিয়া-আগরপুর-শেখেরবাজার আঞ্চলিক মহাসড়ক (এন-২১২)	০০+০০০-১৭+৪১০ একদরিয়া-পোড়াদিয়া	১৭.৪১০	পুন:নির্মাণ: ১৬+৭৬৩-১৭+২৬৩, ১৭+৪১৮-১৭+৯১৮ মজবুতীকরণ: ০৪+৯০০-০৫+২০০, ০৬+৪০০-০৬+৭০০ ০৭+১০০-০৭+৪০০, ০৮+৩০০-০৮+৫০০ ০৮+৯০০-০৯+২০০, ০৯+৪০০-০৯+৬০০ ১২+৬০০-১৩+০০০ ডিবিএস ওয়ারিং কোর্স: ০০+০০০-১৭+৪১০	১৫৯১.৩৯
২	মুন্সীগঞ্জ	ঢাকা-মাওয়া-ভাঙ্গা -বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়ক (এন-৮)	৩য় কিলোমিটারে ১ম বৃড়িগঙ্গা সেতুর আন্ডার পাস অংশ (১ম বৃড়িগঙ্গা সেতুর নীচে)	০.৩৪০ (প্রস্থ ৭.৩০ মিটার হতে ২৬ মিটার)	রিজিড পেভমেন্ট: বৃড়িগঙ্গা সেতুর নীচে ৫১২২.৩৭ বর্গমিটার ইউলুপ অংশে আরসিসি সসার ড্রেন: ইউলুপ হতে বৃড়িগঙ্গা নদী পর্যন্ত ২৫০ মিটার	৫৬৪.১০
৩	ঢাকা	ঢাকা (মিরপুর)- উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্দা জাতীয় মহাসড়ক (এন-৫) (ঢাকা অংশ)	১৯+৫৫০-২৬+১০০ জোরকুল-রাজাক প্লাজা (সোভার)	৬.৫৫০	১৯+৫৫০-২৬+১০০ পর্যন্ত বেইজ টাইপ-১ ও ডিবিএস বেইস কোর্স দ্বারা মেরামতসহ ৫০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স	৮৯৩.৬০
৪	মুন্সীগঞ্জ	দোহার (কার্তিকপুর) -বাররা-বালিরটেক -(বাররা সেতু) জেলা মহাসড়ক (জেড-৮-২০৯) এবং পদ্মা বাইপাস সড়ক (জেড-৮-২০৫)	দোহার (কার্তিকপুর)-বাররা-বালিরটেক (বাররা সেতু) জেলা সড়ক: ০০+০০০-০৩+৮৫০ কার্তিকপুর বাজার-বররা বাসস্ট্যান্ড ৭+০০০-০৭+৯০০, ৮+১০০-০৮+৮০০ ১৩+৮০০-১৪+২০০ বালিশা বাজার-সোনাবাজু বাজার পদ্মা বাইপাস সড়ক ০+০০০-২+১০০, ৯+০০০-১৩+৫০০ পদ্মা ডিগ্রী কলেজ হতে নিকড়া	১২.৭০০	০০+০০০-০৩+৮৫০ ০৭+০০০-০৭+৯০০ ০৮+১০০-০৮+৮০০ ১৩+৮০০-১৪+২০০ মোট ৫.৮৫০ কিলোমিটারে মজবুতীকরণসহ ৪০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স। ০০+০০০-০২+১০০ ০৯+০০০-১৩+৫০০ মোট ৬.৮৫০ কিলোমিটারে বেইজ টাইপ-১ দ্বারা মেরামতসহ ৫০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স।	১,১৮৮.৬৯
৫	মানিকগঞ্জ	ঢাকা (মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্দা জাতীয় মহাসড়ক (এন-৫) (মানিকগঞ্জ অংশ)	২২+৮৭০-৭২+২০০ নবীনগর স্মৃতিসৌধ-পাটুরিয়া ফেরীঘাট ৫০ কিলোমিটারের মধ্যে ক্ষতিগ্রস্ত হার্ডসোল্ডার ডানপার্শ্ব ৩১.০১৬ কি:মি বামপার্শ্ব ৩১.০৮৬ কি:মি	হার্ডসোল্ডার ডানপার্শ্ব ৩১.০১৬ কি:মি বামপার্শ্ব ৩১.০৮৬ কি:মি এ ২৫ মি:মি ওভারলে	ডিবিএস ওয়ারিং কোর্স (২৫ মিলিমিটার) ২১+৮০০-২২+১৫০, ২২+২০০-২২+৬৫০ ২২+৮০০-২৩+০০০, ২৩+১২০-২৩+৫১০ ২৩+৮০০-২৪+০০০, ২৪+১০০-২৪+৩৫০ ২৪+৬০০-২৪+৮০০, ২৫+১০০-২৬+০৫০ ২৬+২৫০-২৬+৫০০, ২৬+৫৫০-২৬+৮০০ ২৭+১৫০-২৭+৫০০, ২৭+৫১০-২৭+৭২৫ ২৮+১০০-২৮+৪০০, ২৯+৬৯০-২৯+৮৯০ ৩০+১৬০-৩০+৮৭০, ৩১+৭৫০-৩১+৯৫০ ৩২+০০০-৩৩+০০০, ৩৩+০০০-৩৪+০০০ ৩৪+০০০-৩৪+৮০০, ৩৫+০০০-৩৬+০০০ ৩৬+৩০০-৩৬+৭০০, ৩৭+৪০০-৩৮+০০০ ৩৮+৩০০-৩৯+০০০, ৩৯+৪৫০-৪০+০০০ ৪০+০০০-৪০+৪০০, ৪১+২০০-৪১+৮০০ ৪২+৪০০-৪২+৯০০, ৪৩+৪০০-৪৩+৮০০ ৪৪+০০০-৪৫+০০০, ৪৫+০০০-৪৫+৮০০ ডানপার্শ্ব ৩১.০১ কিলোমিটার ৪৬+২০০-৪৬+৪৫০, ৪৬+৬০০-৪৬+৯৩০ ৪৭+০১৫-৪৭+২৮০, ৪৭+৩২৫-৪৭+৫২৫ ৪৭+৫৫০-৪৭+৯৫০, ৪৮+৭০০-৪৮+৯৫০ ৪৯+৫০০-৪৯+৮৫০, ৪৯+৮৪০-৪৯+৯৫০ ৫০+০০০-৫০+২০০, ৫০+২২০-৫০+৪৬০ ৫০+৫০০-৫০+৭২০, ৫০+৭৯০-৫১+০০০ ৫১+১৪৬-৫১+৩৪৬, ৫১+৩৬০-৫১+৮৯৪ ৫২+১৫০-৫২+২৫৫, ৫২+৪৮০-৫২+৭৯৬ ৫২+৮০০-৫৩+১৮০, ৫৩+২১০-৫৩+৭৫০ ৫৪+০০০-৫৪+৩৫০, ৫৪+৪৫০-৫৪+৬৫০ ৫৪+৮৫০-৫৫+৩০০, ৫৫+৫০০-৫৫+৯০০ ৫৬+৪৫০-৫৬+৮১৭, ৫৬+১০০০-৫৬+৯৫০ ৫৮+৭৩০-৫৯+২৫০, ৫৯+৫৫০-৬০+১৫০ ৬০+৪০০-৬১+২০০, ৬১+৭০০-৬১+৯০০ ৬২+২০০-৬২+৬৫০, ৬২+৯৫০-৬৩+৩৩০ ৬৩+৬৭৫-৬৩+৯৮৫, ৬৪+১৫০-৬৪+৫৭০ ৬৪+৭৫০-৬৫+২৫০, ৬৫+৭০০-৬৬+০৫০ ৬৬+১৮০-৬৬+৯৫০, ৬৭+০০০-৬৭+৭০০ ৬৮+০০০-৬৮+৪৫০, ৬৯+০০০-৬৯+৩০০ ৬৯+৭০০-৭০+১০০, ৭০+৪০০-৭০+৮৫০ ৭১+১০০-৭১+৮০০ বাম পার্শ্ব মোট ৩১.৮১৬ কি:মি, সর্বমোট ৬২.৮৩২ কিলোমিটার, মহাসড়কের হার্ডসোল্ডারে বেইজ টাইপ-২ দ্বারা মেরামতসহ ২৫ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স।	৮০৮.২০

শর্তঃ

- ১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;
- ২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;
- ৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দিল্লির শর্তে অন্তর্ভুক্ত করতে হবে;
- ৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;
- ৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;
- ৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ কোটি টাকার উপর মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;
- ৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;
- ৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;
- ৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;
- ১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;
- ১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরু তারিখ হতে (Notice to commence) সর্বোচ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভুক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভুক্ত করা যাবে।
- ১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;
- ১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;
- ১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন, ২০১৬ (১) আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়া গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;
- ১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
- ১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;
- ১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দুর্বল/ক্ষতিগ্রস্ত থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২১। সড়কের পার্শ্ব ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ
- ২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে নূন্যতম Class-35 এবং জেলা মহাসড়কের নূন্যতম Class-30 মানের হতে হবে;
- ২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচী বাস্তবায়ন করতে হবে; এবং
- ২৪। অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।


 (মোঃ নজরুল ইসলাম সরকার)
 উপ সচিব
 ফোন: ৯৫১৪০৭৫।
 dsmaintenance@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
 সড়ক ও জনপথ অধিদপ্তর
 সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০২। জনাব মোঃ হুমায়ুন কবীর খন্দকার, যুগ্মসচিব (নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর) মনিটরিং টিম প্রধান, টিম নং-৬, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। জনাব মনীন্দ্র কিশোর মজুমদার, যুগ্মসচিব (সম্পত্তি) মনিটরিং টিম প্রধান, টিম নং-৭, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, ঢাকা সড়ক জোন, ঢাকা।
- ০৬। বেগম তসলিমা কানিজ নাহিদা, উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) মনিটরিং টিম প্রধান, টিম নং-৮, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ০৯। অফিস কপি/ মাস্টার কপি।